

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৫২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كِتَابُ أَحْوَالِ الْقِيَامَةِ وَبَدْءِ الْخَلْقِ)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীযানের বর্ণনা

### الفصل الاول (باب الحساب و القصاص و الميزان)

আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ دَفَعَ اللَّهُ إِلَى كُلِّ مُسْلِمٍ يَهُودِيًّا أَوْ نَصْرَانِيًّا فَيَقُولُ: هَذَا فِكَأُكَ مِنَ النَّارِ رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (49 / 2767)، (7011) -

(صَحِيح)

বাংলা

৫৫৫২-[৪] আবু মুসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) - বলেছেন: যখন কিয়ামতের দিন আসবে, তখন আল্লাহ তা'আলা প্রত্যেক মুসলিমকে এক একটি করে ইয়াহুদী অথবা নাসারা প্রদান করবেন, অতঃপর বলবেন, এটা জাহান্নাম থেকে তোমার মুক্তির বিনিময়। (মুসলিম)

ফুটনোট

সহীহ মুসলিম ৪৯-(২৭৬৭), শুআবুল ঈমান ৩৭৮, আল মু'জামুল আওসাত ৯৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تَنْوِيح) শ্রেণি অর্থে ব্যবহৃত হয়েছে। (إِلَى كُلِّ مُسْلِمٍ) মুসলিম পুরুষ হোক বা মহিলা (و) হরফটি এখানে (تَنْوِيح) শ্রেণি অর্থে ব্যবহৃত হয়েছে। (هَذَا فِكَأُكَ مِنَ النَّارِ) অর্থাৎ এ কিতাবীরা তোমাদের জাহান্নাম থেকে মুক্তি পাওয়ার জন্য তোমাদের বিনিময়স্বরূপ। তুরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন, মুক্তিপণ হলো যার মাধ্যমে রক্ষা পাওয়া যায়। কাযী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন, যেহেতু প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির জন্য জান্নাতের একটি স্থান ও জাহান্নামের একটি স্থান নির্ধারিত রয়েছে। অতএব যে ব্যক্তি যথাযথভাবে ঈমান আনবে তার জাহান্নামের স্থানকে জান্নাতের

স্থানের সাথে বদলানো হবে আর যে ঈমান আনবে না সে এর বিপরীত। কাফিররা জাহান্নামের মুমিনদের জায়গায় স্থলাভিষিক্ত হবে। এর আরেকটি কারণ হলো যেহেতু আল্লাহ তা'আলা জাহান্নাম পূর্ণ করার কসম করেছেন, সেহেতু মু'মিনদের বাঁচিয়ে ও রক্ষা করে কাফির দ্বারা পূর্ণ করবেন। অতএব কাফিররা সেখানে মু'মিনদের বিনিময় বা মুক্তিপণস্বরূপ জাহান্নামে নিপতিত হবে। ইয়াহুদী ও নাসারাদেরকে বিশেষভাবে উল্লেখ করার কারণ হয়তো তাদেরকে তিরস্কার করা। (মিরকাতুল মাফাতীহ)

এ হাদীসের অর্থ আবু হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীসে এভাবে এসেছে, প্রত্যেকের জন্য জান্নাতে একটি স্থান ও জাহান্নামে একটি স্থান আছে। অতঃপর যখন মু'মিন জান্নাতে প্রবেশ করে তখন জাহান্নামে কাফির তার স্থলাভিষিক্ত হয় স্বীয় গুনাহের কারণে।

অন্য একটি বর্ণনার মর্মার্থ এরূপ যে, আল্লাহ তা'আলা মুসলিমদের পাপকে ক্ষমা করবেন। আর তা ঝরিয়ে সমপরিমাণ গুনাহ কাফিরদের ওপর চাপিয়ে দিবেন তাদের গুনাহ ও কুফরীর কারণে। ফলে আল্লাহ তাদেরকে স্বীয় 'আমলের দরুন জাহান্নামে দাখিল করবেন, মুসলিমদের গুনাহের জন্য নয়। কারণ একের বোঝা অন্যজন বহন করবে না। আল্লাহ যখন মুসলিমদের পাপকে ক্ষমা করবেন, তখন কাফিরদের গুনাহকে রেখে দিবেন। (শারহুন্ নাবাবী ১৭শ খণ্ড, হা, ২৭৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85530>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন